৬৯০

ভোরের কাগজ

তারিখ ... JAN. 1 0 1999 ...

পৃষ্ঠা ১৬ কলাম ৭

পটিয়া হুলাইন ছালেহ নূর কলেজ

# ৪২ শিক্ষক-কর্মচারীর অক্টোবর থেকে বেতন নেই

চট্টগ্রাম অফিস : পটিয়া হুলাইন ছালেহ নূর কলেজের ৪২ জন শিক্ষক কর্মচারী গত অক্টোবর থেকে বেতন এবং অন্যান্য ভাতা না পেয়ে নিদারুণ আর্থিক কষ্টে দিনযাপন করছেন। অভিযোগ রয়েছে, কলেজ পরিচালনা পরিষদের সভাপতি ও কয়েকজন সদস্য স্বেচ্ছাচারী সিদ্ধান্তের মাধ্যমে দীর্ঘদিনের অর্জিত উৎসব ভাতা ও বাড়ি ভাড়া ভাতা বাতিল করে দিয়েছেন। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি এই সিদ্ধান্তকে অবৈধ, অগণতান্ত্রিক ও অমানবিক হিসেবে আখ্যায়িত করেছে। এদিকে, হুলাইন ছালেহ নূর কলেজ শিক্ষক-কর্মচারী সংগ্রাম পরিষদ অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহারের এবং ১০ জানুয়ারির মধ্যে বেতন-ভাতা প্রদানের দাবি জানিয়েছে। অন্যথায় ১৩ জানুয়ারি রাজপথ অবরোধের কর্মসূচি পালন করা হবে বলে ঘোষণা দিয়েছে।